

পলিটেকনিক শিক্ষার্থীদের পুলিশের লাঠিপেটা

৮ ফেব্রুয়ারি ২০২১ ০১:১৩

আপডেট: ৮ ফেব্রুয়ারি ২০২১ ০১:১৩

বন্ধু ধারার দৈনিক
আমাদের মমু

অটোপাসসহ চার-দফা দাবিতে রাজধানীর শাহবাগে সড়ক অবরোধ ও বিক্ষেপ করেছেন বিভিন্ন পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থীরা। এ সময় তারা নিজেদের দাবির পক্ষে নানা রকমের সেঁওঁগান দেন। যদিও পুলিশের তৎপরতায় খুব বেশিক্ষণ তারা রাস্তায় দাঁড়াতে পারেননি। একপর্যায়ে পুলিশ লাঠিপেটা করে শিক্ষার্থীদের ছত্রভঙ্গ করে দেয়। জানা যায়, গতকাল রবিবার বেলা ১১টার দিকে পলিটেকনিক শিক্ষার্থীরা শাহবাগ মোড় অবরোধ করে বিভিন্ন রকম সেঁওঁগান দিতে থাকেন। এ সময় ওই সড়কে যান চলাচল বন্ধ হয়ে গেলে সমস্যায় পড়েন সাধারণ মানুষ। পরে দুপুর ১টার দিকে পুলিশ লাঠিপেটা শুরু করলে শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে যান। এ সময় পুলিশ পাঁচজনকে আটক করে নিয়ে যায় বলে অভিযোগ করেছেন শিক্ষার্থীরা। যদিও পুলিশ কাউকে আটকের কথা স্বীকার করেনি। শিক্ষার্থীদের দাবিগুলো হলোঁ কোনোভাবেই এক বছরের ক্ষতি মানা হবে না। প্রথম, দ্বিতীয় ও তৃতীয়, পঞ্চম ও সপ্তম পর্বের ক্লাস চালু করে শর্ট সিলেবাসে পরীক্ষা নিতে হবে। সব ধরনের অতিরিক্ত ফি প্রত্যাহার করতে হবে এবং প্রাইভেট পলিটেকনিকে সেমিস্টার ফি অর্ধেক করতে হবে। ২০২১ সালের মধ্যে ডুয়েটসহ সব প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

নতুন ধারার দৈনিক
আমাদের মমু

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯
Privacy Policy

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com